

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৮৭

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাৎ করা

بَابُ قِسْمَةِ الْغَنَائِمِ وَالْغُلُوْلِ فِيْهَا

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْهَمَ لِلرَّجُلِ وَلِفَرَسِهِ ثَلَاثَةَ أَسْهُمٍ: سَهْمًا لَهُ وَسَهْمَيْنِ لِفَرَسِهِ

বাংলা

৩৯৮৭-[৩] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মুজাহিদ) ব্যক্তি ও তার ঘোড়ার জন্য গনীমাতের মাল তিন ভাগে বন্টন করেছেন। ব্যক্তির জন্য এক-তৃতীয়াংশ এবং ঘোড়ার জন্য দুই-তৃতীয়াংশ। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৮৬৩, মুসলিম ১৭৬২, আবৃ দাউদ ২৭৩৩, আহমাদ ৪৪৪৮, ইরওয়া ১২২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মুযহির বলেনঃ হাদীসের মূল 'আরবী ইবারতে র্বা শব্দের 'লাম' অক্ষরটি শ্রুল্র 'মালিকানা' এর অর্থ প্রদান করেছে। আর بافرَسِه এর 'লাম' বর্ণটি سَبِب 'কারণ' এর অর্থ প্রদান করেছে। সুতরাং অধিক অংশ তার ঘোড়ার কারণে। মূল কথা ঘোড় সওয়ারী যোদ্ধা নিজের এবং ঘোড়ার অংশসহ মোট তিন অংশ পাবে, আর পদাতিক পাবে এক অংশ (তার নিজের)। অত্র হাদীসের ভিত্তিতে 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস সহ তাবি'ঈ হাসান বাসরী, মুজাহিদ, ইবনু সীরীন, 'উমার ইবনু 'আবদুল আযীয, ফাকীহ ও ইমামদের মধ্যে ইমাম মালিক, শাফি'ঈ, আহমাদ, ইসহক, আওযা'ঈ, আবৃ ইউসুফ, মুহাম্মাদ সহ বহু সংখ্যক ইমাম ও ফাকীহ এই মতই পোষণ করেন যে, ঘোড় সওয়ারের জন্য তিন ভাগ, পদাতিকের জন্য এক ভাগ। পক্ষান্তরে ইমাম আবৃ হানীফাহ্ (রহঃ) বলেন, ঘোড় সওয়ারীর জন্য দুই ভাগ মাত্র। এক অংশ নিজের এক অংশ ঘোড়ার- এই মোট দুই অংশ। [এখানেও বিস্তারিত আলোচনা পরিহার করা হলো]



(মিরকাতুল মাফাতীহ; শারহে মুসলিম ১২শ খন্ড, হাঃ ১৭৬২; ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২০৬৩; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৫৫৪; 'আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৭৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন